৩৮

# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

১২৯ কলাবাগান (চতুর্থ তলা), মিরপুর রোড, ঢাকা-১২০৫

ফোন ঃ ৮১২৮৪০১, ৮১২৫৮৯৯, ৮১৪১১৮৫, ৮১২৫৭৬৫

স্মারক নং-বেশিনিক/তৃতীয় পরীক্ষা/২০০৭/৬০/০৭/৪৫৮

তারিখ ঃ ১৯ জুলাই ২০০৭

## বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৭ (৩৮) -

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৭ - এ অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করছে ঃ

| প্রতিষ্ঠানের ধরন | পদের নাম ও বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| কলেজ ও মাদরাসা (আলিম ও ফাজিল স্তর) | প্রভাষক ১. বাংলা ২. ইংরেজি ৩. রাষ্ট্রবিজ্ঞান ৪. অর্থনীতি ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. সমাজকল্যাণ/ সমাজকর্ম ৭. সমাজবিজ্ঞান ৮. ইতিহাস ৯. দর্শন ১০. ভূগোল ১১. আরবি ও ইসলাম শিক্ষা ১২. ব্যবস্থাপনা ১৩. হিসাব বিজ্ঞান ১৪. পদার্থ বিজ্ঞান ১৫. রসায়ন ১৬. গণিত ১৭. উদ্ভিদ বিজ্ঞান ১৮. প্রাণিবিদ্যা, ১৯. সংস্কৃত ২০. মনোবিজ্ঞান ২১. গার্হস্থ্য অর্থনীতি ২২. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২৩. বিপণন ২৪. ফিন্যান্স ২৫. পরিসংখ্যান ২৬. মৃত্তিকা বিজ্ঞান ২৭. কৃষি বিজ্ঞান ২৮. উচ্চাঙ্গ সঙ্গীত ২৯. নজরুল সঙ্গীত ৩০. লোকসঙ্গীত ৩১. রবীন্দ্র সঙ্গীত। | সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি, তবে এসএসসি/সমমান থেকে স্নাতক/সমমান ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)৭ ডিগ্রি, তবে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় যে কোন একটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| | ৩২. প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) | বিজ্ঞান/সমাজবিজ্ঞান/মানবিক বিভাগসমূহের যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি বা সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হতে হবে, তবে এসএসসি থেকে স্নাতক ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার প্রকৌশলে চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি, তবে এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় যে কোন একটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে।<br>**প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) পদের জন্য** আবেদনকারীকে আবেদনপত্রে ও প্রবেশপত্রে যে **ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিবেন/ দিতে ইচ্ছুক ঘরে কম্পিউটার বিজ্ঞান** লিখতে হবে এবং স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয় থাকুক না কেন **কম্পিউটার বিজ্ঞান** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার বিজ্ঞান ঐচ্ছিক** বিষয়ে পরীক্ষা দিতে হবে। |
| আলিম ও ফাজিল মাদরাসা | ৩৩. প্রভাষক (আরবি) | দ্বিতীয় শ্রেণীর কামিল; দাখিল থেকে ফাজিল পরীক্ষাসমূহে একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |

| | | |
|---|---|---|
| ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠান | ৩৪. প্রভাষক (ব্যাংকিং) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বা সমমানের বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রি।<br>তবে এসএসসি থেকে স্নাতক ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, ৪ বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর সম্মান ডিগ্রি।<br>তবে এস.এসসি ও এইচএসসি পরীক্ষায় যে কোন ১টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| | ৩৫. প্রভাষক (হিসাব বিজ্ঞান/হিসাব রক্ষণ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রি।<br>তবে এসএসসি/সমমান থেকে স্নাতক/সমমান ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, ৪ বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রি, তবে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে কোন ১টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| | ৩৬. প্রভাষক (কম্পিউটার অপারেশন) | ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি, তবে এসএসসি থেকে স্নাতক ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ২টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে, তৎসহ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সার্টিফিকেট থাকতে হবে।<br>ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠানের **প্রভাষক (কম্পিউটার অপারেশন)** পদের জন্য প্রার্থীগণ আবেদনপত্রে ও প্রবেশপত্রে **যে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিবেন/ দিতে ইচ্ছুক** ঘরে **কম্পিউটার অপারেশন** লিখতে হবে এবং স্নাতকোত্তর পর্যায়ে তাঁর বিষয় যাই থাকুক না কেন **কম্পিউটার অপারেশন** বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার অপারেশন ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। |
| | ৩৭ ক. প্রভাষক (সাচিবিকবিদ্যা) | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে সেক্রেটারিয়েল সায়েন্সে প্রশিক্ষণ সার্টিফিকেট বা ডিপ্লোমা-ইন-কমার্স;<br>তবে এসএসসি/সমমান থেকে স্নাতক/সমমান ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে সেক্রেটারিয়েল সায়েন্সে প্রশিক্ষণ সার্টিফিকেট অথবা, ডিপ্লোমা-ইন-কমার্স; তবে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় যে কোন ১টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| | ৩৭ খ. প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বা সমমানের বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/বিভাগ<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর অনার্স এবং দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/বিভাগ<br>তবে এসএসসি/সমমান থেকে স্নাতক/সমমান ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |

| | | |
|---|---|---|
| ক..জ, মাদরাসা (আলিম ও ফাজিল) ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | প্রদর্শক ১. পদার্থ বিজ্ঞান, ২. রসায়ন, ৩. প্রাণিবিদ্যা, ৪. উদ্ভিদবিদ্যা | সংশ্লিষ্ট বিষয়সহ বিজ্ঞান বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি;<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>তবে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে কোন একটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। |
| নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল ও আলিম মাদরাসা | **সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান)**<br>১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. ইতিহাস ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. রাষ্ট্র বিজ্ঞান ৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ৮. সমাজকল্যাণ/সমাজকর্ম ৯. সমাজ বিজ্ঞান ১০. গার্হস্থ্য অর্থনীতি ১১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | বি.এড.সহ স্নাতক ডিগ্রি, তবে স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট বিষয় তাঁর পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে।<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| | **সহকারী শিক্ষক (গণিত ও বিজ্ঞান)**<br>১২. গণিত ১৩. পদার্থ বিজ্ঞান ১৪. রসায়ন ১৫. প্রাণিবিদ্যা ১৬. উদ্ভিদবিদ্যা | বি.এডসহ বিজ্ঞানে স্নাতক এবং স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট বিষয় তাঁর পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে।<br>অথবা, উল্লিখিত বিষয়সমূহের যে কোন একটিতে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা, উল্লিখিত বিষয়সমূহের যে কোন একটিতে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| | ১৭. সহকারী শিক্ষক (কৃষি) | বিএসসি (কৃষি/কৃষি অর্থনীতি/ মৎস্য বিজ্ঞান/ পশুপালন/ কৃষি প্রকৌশল/উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান);<br>অথবা, ডিভিএম;<br>অথবা, ন্যূনতম ৩ বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা;<br>তবে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল ও আলিম মাদরাসার সহকারী শিক্ষক (কৃষি) পদের জন্য আবেদনকারীকে আবেদনপত্রে ও প্রবেশপত্রে **যে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিবেন/দিতে ইচ্ছুক** ঘরে **কৃষি** লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর বিষয় যাই থাকুক না কেন **কৃষি** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কৃষি** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। |
| | ১৮. সহকারী শিক্ষক (কম্পিউটার) | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষার যে কোন একটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে।<br>অথবা, নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল ও আলিম মাদরাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের জন্য আবেদনকারীকে আবেদনপত্রে ও প্রবেশপত্রে **যে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিবেন/দিতে ইচ্ছুক** ঘরে **কম্পিউটার** লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর বিষয় যাই থাকুক না কেন **কম্পিউটার** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। |

| | | |
|---|---|---|
| | ১৯. সহকারী শিক্ষক (শরীর চর্চা) | স্নাতকসহ বিপিএড ডিগ্রি;<br>অথবা, শরীরচর্চায় জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশনে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| | ২০. সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম)/ সহকারী মৌলভি | দ্বিতীয় বিভাগে ফাজিল পাস;<br>অথবা, কামিল পাস;<br>তবে সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী শিক্ষক ২১. হিন্দু ধর্ম ২২. খৃষ্ট ধর্ম ২৩. বৌদ্ধ ধর্ম | উক্ত ৩টি পদের জন্য সংশ্লিষ্ট ধর্মীয় বিষয়সহ স্নাতক ডিগ্রিপ্রাপ্তগণ আবেদন করতে পারবেন।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। |
| কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান | **ইন্সট্রাক্টর (নন-টেক)/প্রভাষক**<br>ভাষা ঃ ১. বাংলা ২. ইংরেজি<br>বিজ্ঞান ও গণিত ঃ ৩. গণিত ৪. পদার্থবিজ্ঞান ৫. রসায়ন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।<br>তবে এস.এস.সি থেকে স্নাতক ডিগ্রি পর্যন্ত পরীক্ষাসমূহে ১টির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।<br>অথবা, দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা, সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণী স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>তবে উভয় ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষার যে কোন ১টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ ২.৫ থাকতে হবে। |
| | **ইন্সট্রাক্টর (টেক)/ট্রেড ইন্সট্রাক্টর** ৬. জেনারেল মেকানিক্স ৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ৮. কম্পিউটার ৯. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস ১০. অডিও ভিডিও সিস্টেম ১১. ফুড প্রসেসিং এ্যান্ড প্রিজারভেশন ১২. ড্রেস মেকিং এন্ড টেইলারিং ১৩. সিভিল ড্রাফটিং ১৪. সিভিল কন্সট্রাকশন ১৫. অটোমোটিভ ১৬. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ১৭. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ১৮. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিংস ১৯. এগ্রোবেজড ফুড ২০. ফিস কালচার এন্ড ব্রিডিং ২১. লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং ২২. শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং ২৩. পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ২৪. ফ্রুট এন্ড ভেজিটেবল কালটিভেশন ২৫. ফার্ম মেশিনারি ২৬. উডওয়ার্কিং ২৭. ফাউন্ড্রি ওয়ার্কস ২৮. সিরামিক ২৯. ডাই প্রিন্টিং এন্ড ফিনিসিং ৩০. নিটিং ৩১. উইভিং ৩২. স্পিনিং ও ৩৩. গ্লাস। | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট প্রকৌশল শাখায় বিএসসি (ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজি/ এজি) বা বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন বা সমমান পর্যায়ের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী;<br>বিএসসি ইঞ্জিনিয়ারিং /বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন / বিএসসি-ইন-ভোকেশনার এডুকেশন হতে ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স - এ দ্বিতীয় বিভাগ/শ্রেণীতে উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার বিষয়ে আবেদনের যোগ্য।<br>অথবা, কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট প্রযুক্তিতে প্রথম শ্রেণীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং / টেক্সটাইল টেকনোলজি / কৃষি ডিপ্লোমা/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন বা সমমানসহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৫ এবং জুনিয়র ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশনে দ্বিতীয় বিভাগ প্রাপ্তরাও কম্পিউটার বিষয়ে আবেদনের যোগ্য। তবে অন্যান্য সকল পরীক্ষায় ১টির বেশি তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণয়োগ্য নয়। |
| | **সহকারী শিক্ষক সাধারণ বিষয়**<br>ভাষা ঃ ১. বাংলা ২. ইংরেজি<br>বিজ্ঞান ও গণিত ঃ ৩. গণিত ৪. পদার্থবিজ্ঞান ৫. রসায়ন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএডসহ অথবা বিএড ব্যতীত দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি, তবে অন্যান্য সকল পরীক্ষায় ১টির বেশি তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। |

| | | |
|---|---|---|
| | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) /জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর ঃ<br>৬. জেনারেল মেকানিক্স ৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ৮. কম্পিউটার ৯. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস ১০. অডিও ভিডিও সিস্টেম ১১. ফুড প্রসেসিং এ্যান্ড প্রিজারভেশন ১২. ড্রেস মেকিং এন্ড টেইলারিং ১৩. সিভিল ড্রাফটিং ১৪. সিভিল কন্সট্রাকশন ১৫. অটোমোটিভ ১৬. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ১৭. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ১৮. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিংস ১৯. এগ্রোবেজড ফুড ২০. ফিস কালচার এন্ড ব্রিডিং ২১. লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং ২২. শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং ২৩. পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ২৪. ফ্রুট এন্ড ভেজিটেবল কালটিভেশন ২৫. ফার্ম মেশিনারি ২৬. উডওয়ার্কিং ২৭. ফাউন্ড্রি ওয়ার্কস ২৮. সিরামিক ২৯. ডাই প্রিন্টিং এন্ড ফিনিসিং ৩০. নিটিং ৩১. উইভিং ৩২. স্পিনিং ও ৩৩. গ্লাস। | সংশ্লিষ্ট ট্রেড / টেকনোলজিতে প্রথম বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন;<br>অথবা, স্বীকৃত বোর্ড হতে ২ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং / ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন/সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ;<br>অথবা, দ্বিতীয় বিভাগে এসএসসি ভোকেশনালে উত্তীর্ণ/সমমান এবং ৫ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ আবেদনের যোগ্য হবে।<br>জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে কম্পিউটার বিষয়ে ইলেকট্রনিক্স ট্রেডে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশনে প্রথম বিভাগপ্রাপ্তরাও আবেদনের যোগ্য হবে। তবে অন্যান্য সকল পরীক্ষায় ১টির বেশি তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। |

২. প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয় (বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২৫, সাধারণ জ্ঞান-২৫) এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে (প্রার্থীর পঠিত বিষয় যা পদের সাথে সংশ্লিষ্ট) সংক্ষিপ্ত ও রচনামূলক প্রশ্নপত্রে লিখিত পরীক্ষা দিতে হবে। প্রতি বিষয়ে পরীক্ষার সময়ব্যাপ্তি তিন ঘন্টা।

৩. ক. নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়/দাখিল ও আলিম মাদরাসায় সহকারী শিক্ষক/ সহকারী মৌলভি পদের জন্য হলুদ রংয়ের ফরমে আবেদন করতে হবে।

খ. কলেজ, ব্যবসায় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান, আলিম, ফাজিল ও কামিল মাদরাসার প্রভাষক ও প্রদর্শক পদের জন্য সাদা রংয়ের ফরমে আবেদন করতে হবে।

গ. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের ইন্সট্রাক্টর (টেক/নন-টেক)/জুনিয়র ইন্সট্রাক্টর (টেক)/ট্রেড ইন্সট্রাক্টর/জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর, প্রভাষক ও সহকারী শিক্ষক (সাধারণ) পদের জন্য প্রার্থীদের সবুজ রংয়ের ফরমে আবেদন করতে হবে।

২২

৪. আবেদন ফরম ও শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাস পুস্তিকা **২৪ জুলাই ২০০৭ হতে ১৫ আগস্ট ২০০৭** পর্যন্ত অগ্রণী ব্যাংকের ঢাকা মহানগরের প্রধান শাখা, জাতীয় প্রেসক্লাব শাখা, সেন্ট্রাল ল'কলেজ শাখা, রামপুরা টিভি শাখা, বাংলা একাডেমী শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, যাত্রাবাড়ি শাখা, গুলশান শাখা, মহাখালী শাখা, নিউ মার্কেট শাখা, ফার্মগেট শাখা, মিরপুর শাখা, উত্তরা মডেল টাউন শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, এস এস কলেজ শাখা, ফরিদাবাদ শাখা, জয়পাড়া শাখা, ধানমন্ডি শাখা, মোহাম্মদপুর শাখা, আমিন কোর্ট কর্পোরেট শাখা, জাতীয় যাদুঘর শাখা, মালিবাগ শাখা, সাত মসজিদ রোড শাখা, বাড্ডা শাখা, পল্লবী শাখা, শেওড়াপাড়া শাখা, চক বাজার শাখা, গাবতলী শাখা ও সদরঘাট শাখা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা, ধামরাই শাখা, সাভার শাখা, জিনজিরা শাখা, টঙ্গী শাখা, **চট্টগ্রাম** শহরের লালদীঘি পূর্ব কর্পোঃ শাখা, আগ্রাবাদ (জাহান ভবন) কর্পোঃ শাখা, শেখ মুজিব সড়ক শাখা, মেডিকেল কলেজ শাখা, হালিশহর শাখা, প্রেসক্লাব শাখা, নিউ মার্কেট শাখা ও বহদ্দারহাট (বিটি) শাখা, **রাজশাহী** শহরের সাহেব বাজার শাখা, নিউ মার্কেট শাখা, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ও লক্ষীপুর শাখা, **সিলেট** শহরের সিলেট স্টেশন রোড শাখা, লালদীঘির পাড় শাখা, আম্বরখানা শাখা ও জিন্দাবাজার শাখা, **বরিশাল** শহরের সদর রোড শাখা, চক বাজার শাখা, পুরান বাজার শাখা ও বটতলা শাখা, **খুলনা** শহরের ক্লে রোড শাখা, ফরাজি পাড়া শাখা, সামছুর রহমান রোড শাখা ও স্যার ইকবাল রোড শাখা এবং অন্যান্য জেলা শহরের অগ্রণী ব্যাংকের প্রধান শাখা হতে সিলেবাসসহ নগদ ৪৩৫ (চারশত পঁয়ত্রিশ) টাকা এবং সিলেবাস ছাড়া নগদ ৪২৫ (চারশত পঁচিশ) টাকা মূল্যে পাওয়া যাবে।

৫. প্রার্থীর নিজ হাতে পূরণকৃত ও স্বাক্ষরিত আবেদন ফরম নিম্ন ঠিকানায় আগামী **১৬/০৮/২০০৭ তারিখের** মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরম পাঠাবার ঠিকানা
চেয়ারম্যান, এনটিআরসিএ
ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভবন
বখশী বাজার, ঢাকা-১২১১।

৬. ইতঃপূর্বে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী অন্য কোন পদ/বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।

৭. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে দিতে হবে ঃ

ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

খ. সিটি কর্পোরেশন মেয়র বা কমিশনার অথবা পৌরসভা চেয়ারম্যান বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র।

গ. প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (একটি ছবি আবেদনপত্রের ও ১টি প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে এবং একটি ফরমের উপরে মাঝ বরাবর গেঁথে দিতে হবে)।

ঘ. প্রার্থীর বর্তমান যোগাযোগের ঠিকানা লিখিত ২ (দুই) টাকার ডাক টিকেট লাগানো ৯"×৪" সাইজের একটি ফেরত খাম।

ঙ. পরীক্ষা-সনদপত্র ফি ও আবেদন ফরমের মূল্য জমাপ্রদান রশিদের ফটোকপি।

৮. ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, পটুয়াখালি, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা/বিভাগীয় শহরে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং **খামের উপরে বাম পার্শ্বে পদের নাম, ঐচ্ছিক বিষয় ও প্রার্থী যে বিভাগীয়/জেলা শহরে পরীক্ষা দিতে ইচ্ছুক তা স্পষ্ট করে লিখতে হবে।**

৯. নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে ঃ

| | | |
|---|---|---|
| ২১.০৯.২০০৭ | শুক্রবার | প্রদর্শক/সহকারী মৌলভি/সহকারী শিক্ষক (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক স্কুল, মাদরাসা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান), জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) /জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদের জন্য আবশ্যিক বিষয় |
| ২২.০৯.২০০৭ | শনিবার | প্রদর্শক/সহকারী মৌলভি/সহকারী শিক্ষক (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক স্কুল, মাদরাসা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান), জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) /জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদের জন্য ঐচ্ছিক বিষয় |
| ২৮.০৯.২০০৭ | শুক্রবার | প্রভাষক (কলেজ, আলিম ও তদূর্ধ্ব পর্যায়ে মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ), ইন্সট্রাক্টর (টেক)/ট্রেড ইন্সট্রাক্টর/ইন্সট্রাক্টর (নন-টেক) পদের জন্য আবশ্যিক বিষয় |
| ২৯.০৯.২০০৭ | শনিবার | প্রভাষক (কলেজ, আলিম ও তদূর্ধ্ব পর্যায়ে মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ), ইন্সট্রাক্টর (টেক)/ট্রেড ইন্সট্রাক্টর/ইন্সট্রাক্টর (নন-টেক) পদের জন্য ঐচ্ছিক বিষয় |

১০. আবেদন ফরমে এনটিআরসিএ অফিস কর্তৃক পূরণীয় রোল নম্বর, কেন্দ্রের নাম এবং পরীক্ষার তারিখ ও সময় ব্যতীত অন্যান্য অংশ প্রার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত এর ফটোকপি বা ২০০৫ ও ২০০৬ সনে ব্যবহৃত পরীক্ষার আবেদন ফরমে আবেদন করা হলে তা বাতিল হবে।

১১. পরীক্ষা দেয়ার সময়

ক. উত্তরপত্রের টপ কভার (OMR) ফরমে প্রশ্নপত্রে উল্লিখিত বিষয় কোড লিখতে হবে ও সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর উত্তরপত্রের টপ কভারের (OMR) নির্ধারিত স্থানে লিখতে হবে ও সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে।

১২. প্রার্থীর কোন বিবরণী বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তিনি নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হবেন এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর ২ বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪. সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় সরকারের চাকরিতে নিয়োজিত ব্যক্তিকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৫. জুনিয়র ইন্সট্রাক্টর (টেক)/জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টরের ২৮টি ঐচ্ছিক বিষয়ের এবং ইন্সট্রাক্টর (টেক)/ট্রেড ইন্সট্রাক্টরের ২৮টি ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা একই সিলেবাসে তবে ভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠানের সাচিবিকবিদ্যা ও উদ্যোক্তা উন্নয়ন বিষয় ২টির পরীক্ষা একই সিলেবাসে ভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক সাধারণ বিষয়ের জন্য ৫টি ঐচ্ছিক বিষয়ের (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থ ও রসায়ন) পরীক্ষা মাধ্যমিক শিক্ষাস্তরের সহকারী শিক্ষকদের জন্য নির্ধারিত (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থ ও রসায়ন) ঐচ্ছিক বিষয়ের সিলেবাস অনুসারে অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রভাষক, জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) ও ইন্সট্রাক্টরের (নন-টেক) ৫টি ঐচ্ছিক বিষয়ের (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থ ও রসায়ন) পরীক্ষা কলেজস্তরের প্রভাষক পদের জন্য নির্ধারিত (বাংলা, ইংরেজি, গণিত, পদার্থ ও রসায়ন) ঐচ্ছিক বিষয়ের সিলেবাস ও অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। এছাড়াও কলেজস্তরের প্রদর্শক পদের আবশ্যিক এবং ৪টি ঐচ্ছিক বিষয়ের (পদার্থ, রসায়ন, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা) পরীক্ষা মাধ্যমিক শিক্ষাস্তরের সহকারী শিক্ষকের জন্য আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের (পদার্থ, রসায়ন, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা) সিলেবাস ও অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

১৬. উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন করে ৫ (পাঁচ) বছরের জন্য প্রত্যয়নপত্র প্রদান করা হবে। নিবন্ধিত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক পদে নিয়োগ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।

মোঃ সাইফুল ইসলাম<br>
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)